

কোস্ট ট্রাস্ট, ঢাকা। তারিখ: ২৯ সেপ্টেম্বর ২০১৪।

বিষয়: গতকাল আমাদের একজন সহকর্মী অপহৃত হওয়ার প্রেক্ষিতে এবং আমাদের অভিজ্ঞতার আলোকে নিজের নিরাপত্তার জন্য করণীয় বিষয়সমূহ।

১. পারতপক্ষে বাইরে কোথাও একা একা চলাচল না করা।
২. অন্ধকার বা নির্বিবলি জায়গা এড়িয়ে চলা বা সাথে কাউকে নিয়ে যাওয়া।
৩. দামী মোবাইল সেট হাঁটার সময় সাথে না রাখা।
৪. অফিসে আসা যাওয়া বা ভ্রমণের সময় লেপটপ খুব সাবধনে রাখা যাতে কেউ টান দিয়ে নিতে না পারে।
৫. বেশী পরিমাণ নগদ টাকা নিয়ে চলাচল না করা। ইদে বাড়ি যাওয়ার সময় নগদ টাকা বেশী না নিয়ে যাওয়া এবং আগেই তা পাঠিয়ে দেয়।
৬. অপরিচিত কেউ ডাকলে তার কাছে না যাওয়া বা কথা না বলা।
৭. অফিসে কোন অপরিচিত লোককে অফিস প্রধানের অনুমতি ছাড়া চুক্তে না দেয়া এবং চুক্তে দেয়ার সময় তার মোবাইল নং নিশ্চিত হওয়া।
৮. ছিনতাইয়ের কবলে পড়লে সুযোগ বুঝে উচ্চস্বরে চি�ৎকার দেয়া।
৯. অপরিচিত লোক এবং দোকান থেকে পানি বা অন্য কোনও খাবার না খাওয়া।
১০. ভ্রমণের সময় অপরিচিত কারও সাথে কোন বন্ধুত্ব গড়ে না তোলা।
১১. সব সময় সাথে ক্রেডিট/ডেবিট কার্ড না রাখা। এসব কার্ড ছিনতাই হওয়ার সময় পিন কোড জানতে জোর করলে উল্টো পিন কোড দেয়া।
১২. অপরিচিত কারও সাথে রিকশা, সিএনজি ইত্যাদিতে না ওঠা এবং লক্ষে অপরিচিত কারও সাথে ডাবল কেবিনে ভ্রমণ না করা।
১৩. অফিসে কেউ ছবি তুলতে চাইলে ছবি তুলতে না দেয়া।
১৪. রাস্তায় চলার পথে কেউ আগ বাড়িয়ে ঝগড়া করতে চাইলে তাকে এড়িয়ে যাওয়া এবং দ্রুত সে স্থান ত্যাগ করা।
১৫. নারী কর্মীগণ মাঠে যাওয়ার সময় স্বর্ণের গহনা না পড়া।
১৬. সমিতি সভা থেকে টাকা নিয়ে ফেরার সময় যে যানবাহনে বেশী লোক আছে সে যানবাহন ব্যবহার করা।
১৭. চলার সময় পিছন থেকে কেউ অনুসরণ করছে কিনা তা লক্ষ্য করা।
১৮. কেউ যেন নাকের কাছে কোনও কিছু ঝারা দিতে না পারে সে দিকে খেয়াল রাখা।
১৯. প্রত্যেক কর্মীর কাছে সংশ্লিষ্ট থানার ওসি, ভারপ্রাপ্ত ওসি-তদন্ত এবং এসপির মোবাইল নম্বর থাকতে হবে।

ধন্যবাদসহ

সনত কুমার ভৌমিক  
পরিচালক

বিঃদ্র: এটি আগামী ৩০ সেপ্টেম্বর ২০১৪ তারিখ বিকেলে সকল অফিসে সকল কর্মীদের নিয়ে অফিস প্রধান একটি ওরিয়েন্টেশন দেবেন।